

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নিবন্ধন অধিদপ্তর
১৪, আবদুল গণি রোড, ঢাকা-১০০০।
www.rd.gov.bd

স্মারক নম্বর-১০.০৫.০০০০.০০২.১২.০০১.২৬-১৫২


তারিখ :- ১৬/০৩/২০২৩

বিষয় : ব্রাহ্মণবাড়িয়া জেলার ০১(এক) টি অফিস সহকারী এবং সম্ভাব্য ০১ (এক) টি মোহরার এর শূন্য পদ পূরণের অনুমোদন প্রসঙ্গে।

সূত্র : জেলা রেজিস্ট্রার ব্রাহ্মণবাড়িয়া এর ০১/০৩/২০২৩ খ্রি. তারিখের ১৪৯ নম্বর স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকে প্রাপ্ত পত্রের প্রেক্ষিতে তাঁকে রেজিস্ট্রেশন ম্যানুয়ালের ৬ষ্ঠ খন্ডের ৩০৭ এর (গ) ও (ঘ) এর নির্দেশনা মতে তাঁর জেলার নাসিরনগর সাব-রেজিস্ট্রি অফিসে কর্মরত মোহরার জনাব মোঃ শরীফুল ইসলাম-কে অফিস সহকারীর শূন্য পদে ও জ্যেষ্ঠতার ভিত্তিতে বাঞ্ছারামপুর সাব-রেজিস্ট্রি অফিসের নকলনবিস জনাব জোৎস্না আক্তার-কে মোহরারের শূন্য পদে পদোন্নতি/নিয়োগের প্রেরিত প্রস্তাব বিধি মোতাবেক পূরণের জন্য এতদ্বারা অনুমোদন করা হলো। তদপ্রেক্ষিতে জেলা রেজিস্ট্রার, ব্রাহ্মণবাড়িয়া-কে বিধি মোতাবেক নিয়োগ ও পদায়ন করার নির্দেশ দেয়া হলো।

উক্ত নিয়োগ ও পদোন্নতি প্রদানে কোন অনিয়ম, বিধি বহির্ভূত কোন পন্থা অনুসৃত বা কোন নতুন তথ্য সংযোজন বা বিয়োজন হয়ে থাকলে তাঁর জন্য জেলা রেজিস্ট্রার সম্পূর্ণভাবে দায়ী থাকবেন।


১৬.৩.২৩
(কাজী আবদুল হানান)
মহা-পরিদর্শক, নিবন্ধন
বাংলাদেশ, ঢাকা।

জেলা রেজিস্ট্রার
ব্রাহ্মণবাড়িয়া।